**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
**দেশের চাবি আপনার হাতে**

স্মারক নং: ৫৭.০০.০০০০.০০০.০৪০.২৭.০০০৩.২৫.৯৭

তারিখ: ১২ মাঘ ১৪৩২ / ২৬ জানুয়ারি ২০২৬

# প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মো: জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, কারিগরি অধিশাখা-২ -এ ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে কর্মরত থাকাকালীন অর্থের বিনিময়ে দাপ্তরিক কাজ করে দেয়ার বিষয়ে মোবাইলে কথোপকথনের একটি অডিও ক্লিপ প্রকাশিত হয়েছে;

০২। যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে প্রশাসনিক তদন্ত করা হয় এবং তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে, তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি যে জবাব দাখিল করেন তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে 'অভিযোগনামা' ও 'অভিযোগ বিবরণী' তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০৩। যেহেতু, তিনি লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির ইচ্ছা প্রকাশ করেন। ০৮.০৭.২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। সংশ্লিষ্ট কাগজপত্রাদি ও শুনানির বক্তব্য পর্যালোচনাক্রমে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে অর্থের বিনিময়ে দাপ্তরিক কাজ করে দেয়ার বিষয়ে মোবাইলে কথোপকথন সংক্রান্ত প্রকাশিত অডিও ক্লিপের অভিযোগটি প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

০৫। সেহেতু, জনাব মো: জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-কে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ২(খ) অনুযায়ী "বার্ষিক বেতনবৃদ্ধি ০৩ (তিন) বছরের জন্য স্থগিত" রাখার লঘুদন্ড প্রদান করা হলো। তিনি ০৩ (তিন) বছরের বর্ধিত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না, ০৩ (তিন) বছর অতিক্রান্ত হওয়ার পর ৪র্থ বছর হতে তিনি বর্ধিত বেতন প্রাপ্য হবেন।

০৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মুহাম্মদ রফিকুল ইসলাম
সচিব

চলমান পৃষ্ঠা- ২

স্মারক নং: ৫৭.০০.০০০০.০০০.০৪০.২৭.০০০৩.২৫.৯৭ তারিখ: ১২ মাঘ ১৪৩২ / ২৬ জানুয়ারি ২০২৬

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/ অডিট ও আইন অনুবিভাগ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা-১/), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. জনাব মো: জাকির হোসেন, প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. অফিস কপি।

২৬/০১/২০২৬

হাছিনা আক্তার
যুগ্মসচিব